গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঁথিয়া,পাবনা।
santhia.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৭২৫.০০০.১১.০০৯.১৭-৬৫৫ (২০০) তারিখ ঃ- ২৫ জানুয়ারী, ২০১৭ খ্রিঃ।

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং-০১/২০১৭)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাঁথিয়া উপজেলার "ক" তফসিলে বর্ণিত হাট-বাজারগুলো ১৪২৪ বাংলা সালের ১লা বৈশাখ থেকে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত "খ" তফসিলে বর্ণিত সময়সীমা মোতাবেক ইজারা গ্রহনেচ্ছু ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ১ম পর্যায়ের দরপত্র সিডিউল আগামী ২৫/০১/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৯/০২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (সরকারি ছুটির দিন ব্যতিত) নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) (১) জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (২) উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা এর সংশ্লিষ্ট শাখা (৩) সহকারী কমিশনার (ভূমি), সাঁথিয়া, পাবনা (৪) অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া, পাবনা (৫) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সাঁথিয়া শাখা হতে ক্রয় করা যাবে।

১ম পর্যায়ের সকল দরপত্র সীলগালাকৃত খামে আগামী ১২/০২/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (১) জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয় (২) পুলিশ সুপার, পাবনা মহোদয়ের কার্যালয় (৩) উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা এর কার্যালয় (৪) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এ স্থাপিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট অফিসসমূহ হতে দরপত্র (যদি দাখিল হয়) সংগ্রহ পূর্বক একই দিন অপরাহ্ন ৪.০০ ঘটিকায় উপস্থিত দর দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। উল্লেখ্য যে, ১ম পর্যায়ে টেন্ডারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত না হলে অথবা টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত ' খ ' তফসিলে বর্ণিত ক্যালেন্ডারে উল্লেখিত তারিখ সমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। বিস্তারিত তথ্য ও শর্তাবলি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং অত্র উপজেলার ওয়েব পোর্টাল santhia.pabna.gov.bd তে দেখা যাবে।

### তফসিল " ক "

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্র মূল্য |
|---|---|---|---|
| ০১. | আর-আতাইকুলা হাট | ৮৩,৫৮,৬৪৪/- | ১৭,৪০০/- |
| ০২. | মিয়াপুর-রসুলপুর হাট | ৬৬,৮৮,৩৬৮/- | ১৪,০০০/- |
| ০৩. | কাশিনাথপুর হাট | ৫৭,১৮,৩৫০/- | ১২,২০০/- |
| ০৪. | জোড়গাছা হাট | ৩,৬৪,৯০৮/- | ১,৪০০/- |
| ০৫. | সেলন্দা হাট | ৩,১৪,০৫০/- | ১,২০০/- |
| ০৬. | হলুদঘর হাট | ২,৪৬,৭৬৮/- | ১,২০০/- |
| ০৭. | সোনাতলা হাট | ৯৮,৪৩৩/- | ৫০০/- |
| ০৮. | নন্দনপুর হাট | ১,৪৪,৩৯৪/- | ১,০০০/- |
| ০৯. | মাধপুর হাট | ২,৫২,৪১৪/- | ১,২০০/- |
| ১০. | আরাজি গোপিনাথপুর হাট | ৩১,৪৯৮/- | ৫০০/- |
| ১১. | নাড়িয়াগদাই হাট | ৮২,১৩৪/- | ৫০০/- |
| ১২. | গৌরীগ্রাম হাট | ৪১,৭৮৯/- | ৫০০/- |
| ১৩. | মাজগ্রাম | ৪৪,৬৯৯/- | ৫০০/- |
| ১৪. | মাজগ্রাম চৌমাথা হাট | ৫৯,১৩৫/- | ৫০০/- |
| ১৫. | বনগ্রাম হাট | ৩,৯১,৯৬৮/- | ১,৪০০/- |
| ১৬. | শহীদনগর হাট | ৩৪,১৭৪/- | ৫০০/- |
| ১৭. | পুন্ডুরিয়া হাট | ১০,৩৭৮/- | ৫০০/- |
| ১৮. | বোয়াইলমারী হাট | ১১,৫৮৮/- | ৫০০/- |
| ১৯. | আতোরশোভা হাট | ৩,৫৪৪/- | ৫০০/- |
| ২০. | দেবীপুর তেবাড়ীয়া হাট | ৭,১৭৭/- | ৫০০/- |
| ২১. | হাটবাড়ীয়া হাট | ৩,০২৫/- | ৫০০/- |
| ২২. | ভুলবাড়ীয়া হাট-বাজার | ৮৭৭/- | ৫০০/- |
| ২৩. | হাপানিয়া-রামচন্দ্রপুর হাট | ৩,৭৫৬/- | ৫০০/- |
| ২৪. | রামচন্দ্রপুর বটতলা হাট | ১,৯৯১/- | ৫০০/- |
| ২৫. | নাগডেমরা হাট | ৫,৩১০/- | ৫০০/- |
| ২৬. | লক্ষীপুর হাট-বাজার | ৪৭,৮৫০/- | ৫০০/- |
| ২৭. | ক্ষেতুপাড়া হাট-বাজার | ৫,০৩২/- | ৫০০/- |
| ২৮. | তায়জাল বাজার | ২,২০০/- | ৫০০/- |
| ২৯. | শামুকজানি বাজার | ৪,২০২/- | ৫০০/- |

## তফসিল "খ" ১৪২৪ বাংলা সালে হাট-বাজার ইজারা পঞ্জিকা

| দরপত্র আহবানের পর্যায় | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৯-০২-২০১৭ ইং<br>২৭-১০-১৪২৩ বাংলা | ১২-০২-২০১৭ ইং<br>৩০-১০-১৪২৩ বাংলা<br>দুপুর ঃ ১.০০ টা। | ১২-০২-২০১৭ ইং<br>৩০-১০-১৪২৩ বাংলা<br>বিকাল ঃ ৪.০০ টা। |
| ২য় পর্যায় | ২৩-০২-২০১৭ ইং<br>১১-১১-১৪২৩ বাংলা | ২৬-০২-২০১৭ ইং<br>১৪-১১-১৪২৩ বাংলা<br>দুপুর ঃ ১.০০ টা। | ২৬-০২-২০১৭ ইং<br>১৪-১১-১৪২৩ বাংলা<br>বিকাল ঃ ৪.০০ টা। |
| ৩য় পর্যায় | ০৯-০৩-২০১৭ ইং<br>২৫-১১-১৪২৩ বাংলা | ১২-০৩-২০১৭ ইং<br>২৮-১১-১৪২৩ বাংলা<br>দুপুর ঃ ১.০০ টা। | ১২-০৩-২০১৭ ইং<br>২৮-১১-১৪২৩ বাংলা<br>বিকাল ঃ ৪.০০ টা। |
| ৪র্থ পর্যায় | ২২-০৩-২০১৭ ইং<br>০৮-১২-১৪২৩ বাংলা | ২৩-০৩-২০১৭ ইং<br>০৯-১২-১৪২৩ বাংলা<br>দুপুর ঃ ১.০০ টা। | ২৩-০৩-২০১৭ ইং<br>০৯-১২-১৪২৩ বাংলা<br>বিকাল ঃ ৪.০০ টা। |

### শর্তাবলী ঃ

০১। দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা বরাবর দাখিল করতে হবে।

০২। বাংলা ১৪২৪ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা দেয়া হবে।

০৩। দরপত্রের সাথে দরপত্রদাতা কর্তৃক হাট-বাজার ইজারা মূল্যের (দেয় দরের) ৩০% (শতকরা ত্রিশ ভাগ) হিসেবে অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা বরাবর বিডি/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে (গ্রহণকৃত দরদাতার ক্ষেত্রে)। ইজারা গ্রহীতা নিজ খরচে নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর শেষে অব্যয়িত টাকা জমাকারী বরাবর ফেরত দেয়া হবে।

০৪। যার দর গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার/প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একসংগে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করণ পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্যের সমান অথবা বেশী হলে দর গ্রহণ করা হবে অন্যথায় ২য় পর্যায়ের ইজারা কার্যক্রমের আওতায় ইজারা প্রদান করা হবে। ২য়বার দরপত্র আহবান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না হওয়া পর্যন্ত অব্যহত থাকবে।

০৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করবেন।

০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৫। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং ০৫.৪৩.৭৬৭২৫.০০০.১১.০০৯.১৭- ৮৮ (২৮)　　　　তারিখ ঃ- ১৮ জানুয়ারী,২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ</u>

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক), পাবনা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।

<u>সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ</u>

৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
৮। উপজেলা নির্বাহী অফিসার -----------------------------(সকল), পাবনা।
৯। মেয়র, সাঁথিয়া পৌরসভা, পাবনা।
১০। সহকারী কমিশনার (ভূমি), সাঁথিয়া, পাবনা।
১১। অফিসার ইন চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা। তাঁকে তফসীলি বর্ণিত তারিখ আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সকল), সাঁথিয়া, পাবনা।
১৩। ব্যবস্থাপক -----------------------ব্যাংক, ----------------শাখা, সাঁথিয়া, পাবনা।
১৪। চেয়ারম্যান ---------------------------ইউ.পি (সকল) সাঁথিয়া, পাবনা। তার এলাকায় বিভিন্ন হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। পোষ্ট মাষ্টার, সাঁথিয়া পোষ্ট অফিস, সাঁথিয়া, পাবনা।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----------------------------ইউনিয়ন ভূমি অফিস, সাঁথিয়া, পাবনা। তার এলাকায় অবস্থিত হাট-বাজারে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে প্রচার করে তামিল প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৭। জনাব ------------------------------------------পিতা -----------------------------------------
সাং ------------------------------------------প্রাক্তন ইজারাদার ------------------------------হাট-বাজার সাঁথিয়া, পাবনা।
১৮। জনাব ------------------------------------------ ইজারাদার ----------------------------------হাট-বাজার সাঁথিয়া, পাবনা।

১৮/০১/১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

১৮/০১/১৭